# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

## বিজ্ঞপ্তি

স্মারক নং- ৬১৪ তারিখঃ ৩১/০১/১৬

এতদ্বারা অত্র বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চমাধ্যমিক বিদ্যালয়-এর অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধানগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-৩৭.০০.০০০০.০৭৫.০২.০১৪.১৫-৭৪৩; তারিখঃ ১৯/০১/২০১৬ খ্রিঃ এ বর্ণিত স্কুল, কলেজ, মাদ্রাসার ধর্মীয় শিক্ষক-শিক্ষিকা-কর্মচারী কর্তৃক বিয়ে পড়ানো সংক্রান্ত পরিপত্র অনুসরণ করার অনুরোধ করা হলো।

চেয়ারম্যানের নির্দেশক্রমে

৩১/০১/২০১৬

ড. মোঃ আশফাকুস সালেহীন
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

সংযুক্তিঃ শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-১১ (মাধ্যমিক-২)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moedu.gov.bd.

নং-৩৭.০০.০০০০.০৭৫.০২.০১৪.১৫-৭৪৩ তারিখঃ ০৬ মাঘ ১৪২২ বঙ্গাব্দ / ১৯ জানুয়ারি ২০১৬ খ্রিস্টাব্দ

## পরিপত্র

**বিষয় : স্কুল, কলেজ, মাদ্রাসার ধর্মীয় শিক্ষক-শিক্ষিকা-কর্মচারী কর্তৃক বিয়ে পড়ানো সংক্রান্ত।**

দারিদ্র্য, কুসংস্কার, সামাজিক নিরাপত্তাহীনতা প্রভৃতি কারণে বাল্য বিবাহের মতো সামাজিক ব্যাধি সমগ্র বাংলাদেশে বিস্তৃত। বাল্যবিবাহের কারণে অল্প বয়সে সন্তান জন্ম দেয়ায় মায়েরা এবং তাদের নবজাতক শিশু প্রায়শঃই অপুষ্টি, দুর্বলতা ও নানান শারীরিক সমস্যায় ভোগে।

০২। বিবাহ পড়ানোর ক্ষেত্রে দেখা যায়, মসজিদের ইমাম মোয়াজ্জিন, মাদ্রাসা শিক্ষক, স্কুলের শিক্ষক এবং কর্মচারী সম্পৃক্ত থাকেন। বাল্যবিবাহ রোধের ক্ষেত্রে তাদের সকলের সচেতনতা, উদ্যোগী ও অগ্রণী ভূমিকা পালন করা প্রয়োজন।

০৩। স্কুল, কলেজ, মাদ্রাসার ধর্মীয় শিক্ষক-শিক্ষিকা-কর্মচারী কর্তৃক বিয়ে পড়ানোর ক্ষেত্রে পাত্র-পাত্রীর বয়স আইনে নির্ধারিত বয়সের নীচে নয় এমন পাত্র-পাত্রী এবং অভিভাবককে বিবাহের ক্ষেত্রে নিরুৎসাহিত করতে হবে। ধর্মীয় বা অন্য কোন শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীকে আইনে নির্ধারিত ন্যূনতম বয়স সম্পর্কে নিশ্চিত হয়েই বিয়ে পড়াতে হবে এবং বয়স সংক্রান্ত কাগজপত্রও সংরক্ষণ করতে হবে। বিয়ে পড়ানো শিক্ষক সংশ্লিষ্ট বিয়ে রেজিস্ট্রেশনের বিষয়টিও নিশ্চিত করবেন।

০৪। জেলা শিক্ষা অফিসার-উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনকালে বাল্য বিবাহের সুফল-কুফল সম্পর্কে ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের সচেতনতামূলক পরামর্শ প্রদান করবেন।

*স্বাক্ষরিত/-*
(মোঃ সোহরাব হোসাইন)
সচিব
ফোন:৯৫৭৬৬৭৯

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সচিব, প্রাথমিক ও গণ শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন,ঢাকা।
৩. মহাপরিচালক, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মিরপুর, ঢাকা।
৪. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/যশোর/সিলেট/বরিশাল/কুমিল্লা/চট্টগ্রাম/ দিনাজপুর।
৭. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড ঢাকা/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৮. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল).......................।
৯. জেলা শিক্ষা অফিসার (সকল) ............. ( সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানকে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।
১০. অধ্যক্ষ/প্রধান শিক্ষক,................................( পরিপত্রের নির্দেশনা বাধ্যতামূলকভাবে অনুসরণ করার জন্য)।

নং-৩৭.০০.০০০০.০৭৫.০২.০১৪.১৫- ৭৪৩ তারিখঃ ০৬ মাঘ ১৪২২ বঙ্গাব্দ / ১৯ জানুয়ারি ২০১৬ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (প্রশাঃ ও অর্থ/উন্নয়ন/বিশ্ববিদ্যালয়/কারিগরি/মাদ্রাসা), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. বিভাগীয় কমিশনার (ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর) বিভাগ।
৪. যুগ্ম-সচিব( কলেজ/মাধ্যমিক-১/২/ বিশ্ববিদ্যালয়/অডিট ও আইন), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৫. পরিচালক, গভর্নেন্স ইনোভেশন ইউনিট, প্রধান মন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৬. জেলা প্রশাসক (সকল) ...........( অধিক্ষেত্রাধীন সকল উপজেলা নির্বাহী অফিসারকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৯. সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা(শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১০. [illegible]